দৈনিক ইনকিলাব

তারিখ 08 JAN 1997
পৃঃ ৩ কলাম ৪

37

# রাঃ বিঃ সিণ্ডিকেট ও শিক্ষক সমিতির নির্বাচনে হলুদ প্যানেলের নিরঙ্কুশ বিজয়

রাঃ বিঃ রিপোর্টার ঃ রাজশাহী বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অথরিটিতে শিক্ষক প্রতিনিধি ডীন এবং শিক্ষক সমিতির নির্বাচনে হলুদ প্যানেল নিরংকুশ সংখ্যাগরিষ্ঠতা লাভ করেছে। ৩৩টি পদের এ নির্বাচনে ৩০টি পদে হলুদ এবং ৩টি পদে সাদা প্যানেলের প্রার্থীরা বিজয়ী হয়েছে। অধ্যাপক, সহযোগী অধ্যাপক, সহকারী অধ্যাপক ও প্রভাষক ক্যাটাগরি হতে সিণ্ডিকেটে ৫ জন শিক্ষক প্রতিনিধি নির্বাচনের সবক'টি পদে হলুদ প্যানেলের প্রার্থীরা, শিক্ষা পরিষদে ৬ জন শিক্ষক প্রতিনিধি (অধ্যাপক ব্যতীত) পদের সব ক'টিতেই এবং পরিকল্পনা ও উন্নয়ন কমিটিতে একজন শিক্ষক প্রতিনিধি পদে হলুদ প্যানেলের প্রার্থী নির্বাচিত হয়েছেন। কলা, সামাজিক বিজ্ঞান, জীব ও ভূবিজ্ঞান, বিজ্ঞান, ব্যবসায় ও বাণিজ্য এবং আইন অনুষদের ৬ জন ডীন নির্বাচনের ৪টি হলুদ এবং ২টিতে সাদা প্যানেল বিজয়ী হয়েছে। শিক্ষক সমিতির সহ-সভাপতি ব্যতীত ১৫টি পদের ১৪টি পদে হলুদ প্যানেলের প্রার্থীরা বিজয়ী হয়েছেন। সহ-সভাপতি পদে সাদা প্যানেলের প্রার্থী বিজয়ী হয়েছেন।

সিন্ডিকেটে বিজয়ীরা হচ্ছেন ঃ এন্তাজুল হক (প্রাধ্যক্ষ, সোহরাওয়ার্দী হল), অধ্যাপক সাইদুর রহমান খান (ফলিত পদার্থ), সহযোগী অধ্যাপক হাবিবুর রহমান আকন (হিসাব বিজ্ঞান), সহকারী অধ্যাপক সাইফুল ইসলাম ফারুকী (প্রাণিবিদ্যা) এবং প্রভাষক ইলিয়াস হোসেন (অর্থনীতি)। নির্বাচিত ডীনরা হলেন ঃ হলুদ প্যানেলের প্রার্থী বিজ্ঞান অনুষদে ফখরুল ইসলাম (ফলিত রসায়ন), জীব ও ভূ-বিজ্ঞান এম এ খালেক (উদ্ভিদবিদ্যা), ব্যবসা ও বাণিজ্য শাহ নেওয়াজ আলী (ব্যবস্থাপনা), সাদা প্যানেলের কলা অনুষদের ডঃ এ কে এম ইয়াকুব আলী (ইসঃ ইতিহাস) এবং আইন অনুষদে ফয়েজ-উদ-দীন। শিক্ষা পরিষদে নির্বাচিতরা হলেন– সৈয়দ শামসুদ্দীন আহমদ, ওয়াজেদ আলী প্রামানিক, জমসেদ আলী সরকার, সাইফুল ইসলাম, জিয়াউদ্দিন এবং ইমামুল হক। পরিকল্পনা ও উন্নয়ন কমিটিতে রসায়ন বিভাগের প্রফেসর এ জলিল মিয়া নির্বাচিত হয়েছেন।

## শিক্ষক সমিতি

সভাপতি পদে শহিদুল ইসলাম (ফলিত রসায়ন), সহ-সভাপতি পদে আজিজুল ইসলাম (রসায়ন সাদা প্যানেল), কোষাধ্যক্ষ জাহিদুল হাসান, সম্পাদক আব্বাস আলী (দর্শন), যুগ্ম সম্পাদক ফায়েক উজ্জামান (ইসঃ ইতিহাস) এবং সদস্য পদে আমিনুল হক বেগ (গণিত), রেজাউল করিম বাদল (প্রাণ-রসায়ন), মামুনুর রশিদ (ফার্মেসী), মাহবুবুল কবীর (ব্যবস্থাপনা), এম এ মোতালেব (রসায়ন) মোদাসসের চৌধুরী (চারুকলা), মামুনুল কেরামত (ফলিত পদার্থ), হাবিবুর রহমান (আইন), ইদ্রিস আহমদ (ইংরেজী) ও মোহাম্মদ ইউনুস (অর্থনীতি) নির্বাচিত হয়েছেন। বিভিন্ন অথরিটিতে ৫৭১ জন ভোটারের মধ্যে ৫৫৫ জন শিক্ষক সমিতির ৬৫০ জন ভোটারের মধ্যে ৫৫৮ জন ভোট দেন। এবারের নির্বাচনে সবচেয়ে বেশী প্রতিদ্বন্দ্বিতা হয়েছে ব্যবসায় ও বাণিজ্য, সামাজিক বিজ্ঞান এবং কলা অনুষদের ডীন নির্বাচনে। ব্যবসায় ও বাণিজ্য অনুষদের ডীন নির্বাচনে বিশ্ববিদ্যালয়ের প্রক্টর ও হিসাব বিজ্ঞান বিভাগের শিক্ষক নজরুল ইসলাম (সাদা প্যানেলভুক্ত) এবং ব্যবস্থাপনা বিভাগের সভাপতি শাহ নেওয়াজ আলী উভয়ে ৩৩ ভোট পান। টসে জনাব আলী বিজয়ী হন। কলা অনুষদে ইসঃ ইতিহাস বিভাগের সভাপতি সাদা প্যানেলের প্রার্থী ডঃ এ কে এম ইয়াকুব আলী ও হলুদ প্যানেলের প্রার্থী এম এ হামিদ উভয়ে ৬৪ ভোট পান। টসে ইয়াকুব আলী বিজয়ী হন। সামাজিক বিজ্ঞান অনুষদে সাদা প্যানেলের প্রার্থী ডঃ আব্দুল কাদির ভুঁইয়া হলুদ প্যানেলের প্রার্থীর নিকট এক ভোটে পরাজিত হন। হলুদ প্যানেলের প্রার্থী ডঃ মিজান উদ্দীন ৪২ ভোট পেয়েছেন। তারা দু'জনেই সমাজ বিজ্ঞান বিভাগের অধ্যাপক। সবচেয়ে বেশী ব্যবধানে বিজয়ী হয়েছেন আইন অনুষদের ডীন অধ্যাপক ফয়েজ উদ-দীন। তিনি দ্বিতীয়বারের মত নির্বাচিত হলেন।